বর্তমান
৩ মে, ২০২৫, ৫ নং পাতায়

# বিধান শিশু উদ্যানের সাফল্য মাধ্যমিকে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: বিধান শিশু উদ্যানের মক টেস্টে অংশগ্রহণকারী পড়ুয়াদের মধ্যে দশজন মাধ্যমিকের মেধা তালিকায় জায়গা করে নিল। বিধান শিশু উদ্যান পরিচালিত এই মক টেস্টে রাজ্যের শতাধিক কেন্দ্রে অংশ নিয়েছিল প্রায় সাত হাজার পরীক্ষার্থী। রাজ্যের প্রত্যন্ত এলাকার পড়ুয়ারা যাতে মক টেস্টে অংশ নিতে পারে তাই খুবই কম খরচে এই টেস্ট পরিচালনা করা হয়। সংস্থার সম্পাদক গৌতম তালুকদার জনিয়েছেন, সারা বছরই বিধান শিশু উদ্যান বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচি থাকে। পড়ুয়াদের কল্যাণে আমরা অঙ্গীকারবদ্ধ।